ইসরা (মিরাজের রাতে) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের সামনে শরাব ও দুধের দু’টি পেয়ালা পেশ করা হয়েছিল।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, ইসরা (মিরাজের রাতে) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের সামনে শরাব ও দুধের দুটি পেয়ালা পেশ করা হয়েছিল। তিনি উভয়টির দিকে তাকালেন। এরপর দুধের পেয়ালাটি গ্রহণ করেন। তখন জিবরীল আলাইহিস
সালাম বললেন, “সকল প্রশংসা সেই আল্লাহর জন্য যিনি আপনাকে স্বভাবজাত জিনিসের দিকে পথ দেখিয়েছেন; অথচ যদি আপনি শরাব গ্রহণ করতেন তাহলে আপনার উম্মত গুমরাহ হয়ে যেত।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

ইসরা তথা মিরাজের রাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের সামনে নিয়ে আসা হয়েছিল অর্থাৎ জিবরীল আলাইহিস সালাম শারাব ও দুধের দুটি পেয়ালা পেশ করেছিলেন। অর্থাৎ পেয়ালা দুটির একটিতে মদ ও অন্যটিতে দুধ ভর্তি ছিল। তিনি উভয়টির দিকে তাকালেন অর্থাৎ তিনি কোনটি গ্রহণ করবেন সে ব্যাপারে তাকে পছন্দ করার ইখতিয়ার দেওয়া হয়েছিল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দুধের পাত্রটি গ্রহণ করার ইলহাম করা হয়েছিল। অতঃপর নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম দুধের পেয়ালাটি পছন্দ করেন ও তা গ্রহণ করেন। তখন জিবরীল আলাইহিস সালাম বললেন, “সকল প্রশংসা সেই আল্লাহর জন্য যিনি আপনাকে স্বভাবজাত জিনিসের দিকে পথ দেখিয়েছেন; অর্থাৎ আপনি ইসলাম ও দৃঢ়তার চিহ্ন গ্রহণ করতে সমর্থ হয়েছেন। দুধকে এ জন্যই স্বভাবজাত দীনের চিহ্ন হিসেবে ধরা হয়েছে কারণ তা উপাদেয়, পবিত্র, পরিচ্ছন্ন ও পান করার জন্য অধিক উপযোগী আর তা পরিণামেও নিরাপদ। “যদি আপনি শরাব গ্রহণ করতেন তাহলে আপনার উম্মত গুমরাহ হয়ে যেত।” দেখুন, দলীলুল ফালিহীন, (৭/২০৭); শরহে রিয়াদুস সালিহীন, (৫/৪৬)।

https://sunnah.global/hadeeth/bn/show/10120